পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
মিরপুর-১৪, ঢাকা-১২০৬

ভর্তি বিজ্ঞপ্তি (শুধুমাত্র পুলিশ সদস্যদের জন্য)

PGD in Cyber Security (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত)

PGD in Cyber Security প্রোগ্রামের উদ্দেশ্য

- সাইবার অপরাধ, তদন্ত এবং পুলিশ পরিচালনা বিষয়ে গুরুত্বপূর্ণ তত্ত্ব এবং বাস্তব প্রয়োগের শিক্ষা;
- একাডেমিক জ্ঞানকে সমৃদ্ধ করা এবং পেশা সংক্রান্তে জ্ঞান ও বিশ্লেষণ কার্যকরভাবে উপস্থাপনের প্রয়োজনীয় দক্ষতার বিকাশ;
- গবেষণা পদ্ধতি সম্পর্কে ও ফলাফল মূল্যায়নের জন্য প্রয়োজনীয় ধারণা এবং বিভিন্ন টুলের বাস্তব ব্যবহার শিক্ষা।

প্রত্যাশিত ফলাফল

- ✓ নেতৃত্ব, অনুসন্ধান পদ্ধতি, প্রতিষ্ঠান ব্যবস্থাপনা, মানবাধিকার, রাষ্ট্রীয়/প্রাতিষ্ঠানিক নিরাপত্তা বিধান ইত্যাদি বিষয়ে প্রায়োগিক উপযোগিতা;
- ✓ প্রাসঙ্গিক গবেষণা এবং কর্মক্ষেত্রে গবেষণালব্ধ জ্ঞান ও প্রাপ্ত সমাধানের সফল প্রয়োগ দক্ষতা।

আবেদনের সময়কাল: ০১ জানুয়ারী হতে ৩০ জানুয়ারী ২০২৬

ক্লাস শুরুর সময়কাল: মার্চ ২০২৬

গুরুত্বপূর্ণ তথ্য:

কোর্সটির সময়কাল: ১০ মাস/০২ সেমিস্টার
সর্বমোট ক্রেডিট: ৪০
ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী এবং ভর্তির ফরম www.psc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। ভর্তি ফরম জমা দানের শেষ সময় ৩০ জানুয়ারী ২০২৬ (বিকাল ৫টা পর্যন্ত)। বাছাইকৃত আবেদনকারীদের যথাসময়ে ভর্তি পরীক্ষার তারিখ জানিয়ে দেয়া হবে।

যোগাযোগ:
একাডেমিক সেকশন অফিস, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৩২০২১৬৩১৬ ই-মেইল- macpm.psc@gmail.com

পরিচালক (একাডেমিক)
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
মিরপুর-১৪, ঢাকা।

স্মারক নং- ৪৪.০১.০৪০০.০৫১.৩৩.০১.২০২৫/ ১০ তারিখ: ০১/০১/২০২৬ খ্রিঃ।

প্রতি

এআইজি এডুকেশন, স্পোর্টস এন্ড কালচার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

বিষয়: পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইবার সিকিউরিটি কোর্সের দ্বিতীয় ব্যাচে ভর্তির লক্ষ্যে ৮০ জন পুলিশ কর্মকর্তার নাম মনোনয়ন প্রসঙ্গে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ কর্তৃক পরিচালিত Post-Graduate Diploma in Cyber Security কোর্সের ২য় ব্যাচে ২০২৪-২০২৫ সেশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদন অনুযায়ী ৫০ জন ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। উক্ত কোর্সটির প্রথম ব্যাচ ইতোমধ্যে শেষ হয়েছে। ২য় ব্যাচে পুলিশ পরিদর্শক হতে তদুর্ধ্ব ৫০ জন পুলিশ কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে ৮০ জন পুলিশ কর্মকর্তার নাম প্রাথমিকভাবে মনোনয়নপূর্বক প্রেরণ করা প্রয়োজন।

ক) উল্লিখিত কোর্সে ভর্তির লক্ষ্যে বাংলাদেশ পুলিশের বিভিন্ন অপারেশনাল এবং নন-অপারেশনাল ইউনিট হতে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক নমিনেশন প্রাপ্ত আবেদনকারীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে।

খ) কোর্সটিতে শুধুমাত্র পুলিশ পরিদর্শক হতে তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাদের মনোনীত করা যাবে।

নিম্নবর্ণিত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী মনোনয়ন করা হবে:

শিক্ষাগত যোগ্যতা:	নূন্যতম ব্যাচেলর ডিগ্রী (৩ বছর মেয়াদী), ৩য় বিভাগ প্রাপ্ত কোন আবেদনকারী ভর্তির জন্য বিবেচিত হবে না।
কম্পিউটার বিষয়ে দক্ষতা:	এমএস ওয়ার্ড, এক্সএল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট ব্রাউজিং
চাকরির অভিজ্ঞতা:	নূন্যতম ০৩ (তিন) বছর

প্রস্তাবিত ৮০ জনের মধ্য হতে ৫০ জনকে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর নির্ধারিত প্রক্রিয়ায় Computer Efficiency, Viva এবং সাইবার মামলা তদন্তে আগ্রহ যাচাইয়ের মাধ্যমে ভর্তির জন্য চূড়ান্ত করা হবে। মনোনীত প্রশিক্ষণার্থীদের PGD in Cyber Security এর অনুকূলে নির্ধারিত কোর্স ফি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর অনুকূলে প্রদান করতে হবে। চুড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারী যদি জাতীয় বিশ্ববিদ্যালয় বাদে অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে সর্বশেষ ডিগ্রী অর্জন করে থাকেন তাহলে তাকে ভর্তির সময় **অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।**

উল্লেখ্য যে, কোর্সটির মেয়াদ হবে ১০ মাস, যা দুটি টার্মে বিভক্ত। উক্ত কোর্সে সাপ্তাহিক ছুটির দিনে ক্লাস অনুষ্ঠিত হবে। কোর্সটির ৬০% ক্লাস হবে ব্যবহারিক। আগামী ২০২৬ সালের মার্চ মাস হতে কোর্সটি শুরু হবে। এমতাবস্থায়, আগামী ৩০ জানুয়ারী ২০২৬ এর মধ্যে ৮০ জন পুলিশ কর্মকর্তা মনোনয়ন পূর্বক তালিকা পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০১/০১/২০২৬

(সরকার ওমর ফারুক)
বিপি-৭৯০৬১২৪৪০১
পরিচালক (প্রশাসন ও অর্থ)
অতিরিক্ত দায়িত্বে পরিচালক(একাডেমিক)
পক্ষে/-রেক্টর
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ

সংযুক্তি:
১. ভর্তি বিজ্ঞপ্তি
২. ভর্তির আবেদন পত্র ০৩ (তিন) টি
৩. এএসপি হতে তদুর্ধ্ব কর্মকর্তাদের জন্য স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের আবেদন পত্র (উচ্চ শিক্ষা নীতিমালা ২০২৩ যথাযথ অনুসরণ পূর্বক আবেদন করতে হবে)

CamScanner